

Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 14 May, 2025

ঝালকাঠির রাজাপুরে বিষখালী নদী ও তীরবর্তী এলাকায় উপজেলা প্রশাসন ও মৎস্য দপ্তরের যৌথ অভিযানে অবৈধভাবে নদীর পাড় কাটার দায়ে দুইজন এবং মাছের পোনা নিধনের দায়ে আরও একজনকে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা ও কারাদণ্ড প্রদান করা হয়েছে। এসময় বিপুল পরিমাণ অবৈধ জাল জব্দ করে তা ধ্বংস করা হয় এবং উদ্ধারকৃত পোনা মাছ এতিমখানায় বিতরণ করা হয়।

মঙ্গলবার (১৪ মে) বিকাল থেকে রাত পর্যন্ত রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাহুল চন্দ্র ও উপজেলা মৎস্য কর্মকর্তা গৌতম মন্ডল বিষখালী নদীর বিভিন্ন এলাকায় এই মোবাইল কোর্ট পরিচালনা করেন।

রাত সাড়ে ৯টার দিকে নদীর ভাঙনপ্রবণ একটি এলাকা থেকে অবৈধভাবে মাটি কাটার সময় একজন মাঝিকে এবং রাত ১০টার দিকে আরও একজন মাঝিকে আটক করা হয়। জিজ্ঞাসাবাদে তারা স্বীকার করেন, স্থানীয় এআরএম ব্রিকস এর জন্য নদীর ভাঙা পাড় থেকে মাটি সংগ্রহ করছিলেন।

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী তাদের প্রত্যেককে ১ লাখ টাকা করে জরিমানা, অনাদায়ে ৩০ দিনের কারাদণ্ডে দণ্ডিত করা হয়।

অপরদিকে, বাঘুরতলা এলাকায় নদীতে তল্লাশি চালিয়ে বেহুন্দী জাল দিয়ে পোনা মাছ শিকাররত অবস্থায় একজনকে ধরা হয়। তার কাছ থেকে এক ব্যারেল ভর্তি বিভিন্ন প্রজাতির অতিসূদ্র মাছের পোনা উদ্ধার করা হয়।

মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী তাকে ৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ৭ দিনের কারাদণ্ড প্রদান করা হয়।

অভিযানে ৯টি বেহুন্দী জাল জব্দ করা হয়, যার বাজারমূল্য প্রায় ৭ লাখ ৫০ হাজার টাকা। পরে এসব অবৈধ জাল আগুন দিয়ে পুড়িয়ে ধ্বংস করা হয়। উদ্ধার হওয়া আনুমানিক ২ মণ পোনা মাছ স্থানীয় একটি এতিমখানায় বিতরণ করা হয়।

এ বিষয়ে ইউএনও রাহুল চন্দ্র বলেন,

"নদী ও পরিবেশ রক্ষায় উপজেলা প্রশাসনের এই ধরনের অভিযান নিয়মিতভাবে চলবে। কেউ আইন লঙ্ঘন করলে ছাড় দেওয়া হবে না।"

উপজেলা মৎস্য কর্মকর্তা গৌতম মন্ডল বলেন, "বেহুন্দী জাল মাছের প্রজনন ও সংরক্ষণের জন্য মারাত্মক ক্ষতিকর। আমরা জলজ সম্পদ রক্ষায় কঠোর অবস্থানে আছি এবং অভিযান অব্যাহত থাকবে।"

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:00

URL: <https://timestodaybd.com/across-the-country/7877762443>